

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফারজানা ইয়াছমিন লিটা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময় : ২৪/০২/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন লিটা এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ

ক্রঃনং	বিষয়	আলোচনা	
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	
০২	কমিউনিটি ক্লিনিকে এবং ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারি জন্য বরাদ্দ।	কমিটির সম্মানিত সদস্য সচিব মহোদয় বলেন আমাদের জামালপুর সদর উপজেলার ৫টি আপডেট কমিউনিটি ক্লিনিকে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নরমাল ডেলিভারি হচ্ছে। কিন্তু নরমাল ডেলিভারি জন্য যন্ত্রপাতি ও ঔষধ এর স্বল্পতা থাকার ডেলিভারি সংখ্যা কম হচ্ছে। ডেলিভারি সংক্রান্ত যন্ত্রপাতি ও ঔষধ ক্রয়ের জন্য উপজেলা পরিষদ হইতে কিছু বরাদ্দ দেওয়া হইলে উক্ত কার্যক্রমটি আরও তরানিত্ব হইবে এবং অত্র উপজেলার জনগন উপকৃত হইবে।	
০৩	গ্রামীণ ধাত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা কার।	গ্রাম অঞ্চলে এখনো অনেক অদক্ষধাত্রীদের মাধ্যমে ডেলিভারি করা হচ্ছে। যার ফলে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার কমছে না। তাই গ্রামীণ ধাত্রীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হইবে।	

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ফারজানা ইয়াছমিন)  
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি  
জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং- ২২০/৫

তারিখঃ ২৪/০২/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, জামালপুর সদর,  
জামালপুর।

০৪। অফিস নথি।



(ডাঃ উত্তম কুমার সরকার)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

জামালপুর সদর, জামালপুর।

২৪/০২/২০২২